

📃 আল-বালাদ | Al-Balad | ٱلْبَلَد

আয়াতঃ ৯০ : ৬

আরবি মূল আয়াত:

يَقُولُ اَهلَكتُ مَالًا لُّبَدًا ؟﴿ ﴿ ﴾

🗚 অনুবাদসমূহ:

সে বলে, 'আমি প্রচুর ধন-সম্পদ নিঃশেষ করেছি'। — আল-বায়ান
সে (গর্বের সঙ্গে) বলে যে, আমি প্রচুর ধন-সম্পদ উড়িয়েছি। — তাইসিরুল
সে বলেঃ আমি রাশি রাশি অর্থ উড়িয়ে দিয়েছি। — মুজিবুর রহমান

He says, "I have spent wealth in abundance." — Sahih International

৬. সে বলে, আমি প্রচুর অর্থ নিঃশেষ করেছি।(১)

(১) বলা হয়েছে সে বলে "আমি প্রচুর ধন-সম্পদ উড়িয়ে দিয়েছি"। এই শব্দগুলোই প্রকাশ করে, বক্তা তার ধন-সম্পদের প্রাচুর্যে কী পরিমাণ গর্বিত। যে বিপুল পরিমাণ ধন সে খরচ করেছে নিজের সামগ্রিক সম্পদের তুলনায় তার কাছে তার পরিমাণ এত সামান্য ছিল যে, তা উড়িয়ে বা ফুকিয়ে দেবার কোন পরোয়াই সে করেনি। আর এই সম্পদ সে কোন কাজে উড়িয়েছে? কোন প্রকৃত নেকীর কাজে নয়, যেমন সামনের আয়াতগুলো থেকে প্রকাশিত হচ্ছে। বরং এই সম্পদ সে উড়িয়েছে নিজের ধনাঢ্যতার প্রদর্শনী এবং নিজের অহংকার ও শ্রেষ্ঠত্ব প্রকাশ করার জন্য।

তাফসীরে জাকারিয়া

৬। সে বলে, 'আমি রাশি রাশি অর্থ উড়িয়ে দিয়েছি।' [1]

[1] أَبَدُ শব্দের অর্থ হল প্রচুর বা রাশি রাশি। অর্থাৎ, সে দুনিয়ার ব্যাপারে এবং ফালতু কাজে অনেকানেক পয়সা ব্যয় করে অতঃপর গর্বের সাথে লোকের কাছে তা বলে বেড়ায়। (অথবা সে দ্বীনের ব্যাপারে অর্থ ব্যয় করে, অতঃপর আক্ষেপের সাথে লোকের কাছে তা বলে বেড়ায়। -সম্পাদক)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6029

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন